বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩,
ই-মেইল dgmppd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৫)রুমাবি-৩৩৯/২০২০-২০২১/ ২৩২০ (৩২৫০) তারিখ ঃ ০৩-০৩-২০২১ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কর্ম পরিকল্পনার অংশ হিসেবে দারিদ্র বিমোচনে বিশেষ ঋণ প্রদান কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৫/২০২০ তারিখ ০১-০৩-২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন এবং বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গঠনের লক্ষ্যে এতদ্‌সংক্রান্ত কর্মপরিকল্পনার অংশ হিসাবে দারিদ্র বিমোচনে বিশেষ ঋণ প্রদান কর্মসূচির আওতায় ব্যাংকের নিজস্ব উৎস হতে ৩০০.০০ কোটি টাকা ঋণ প্রদানের কর্মসূচি চলমান রয়েছে। এ কর্মসূচির আওতায় ঋণ গ্রহীতাদের সর্বনিম্ন ২০,০০০ টাকা হতে সর্বোচ্চ ১,০০,০০০ টাকা পর্যন্ত জামানত বিহীন ঋণ মঞ্জুরি ও বিতরণ করা হচ্ছে যা স্বল্পমেয়াদী বা এক বছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য এবং চলতি মুলধন আকারে আবর্তনশীল ঋণ (রিভলভিং ক্রেডিট) হিসেবে বিতরণযোগ্য। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কর্মপরিকল্পনার অংশ হিসাবে এ কর্মসূচির আওতায় বরাদ্দকৃত ঋণের শতভাগ ১৬-০৩-২০২১ তারিখের মধ্যে বিতরণ নিশ্চিতকরণ এবং বিতরণকৃত ঋণসমূহ বিধি মোতাবেক যথাসময়ে নবায়নের মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গঠনে অগ্রণী ভূমিকা পালনের অনুরোধ করা হলো।

০৩। উক্ত কর্মসূচির আওতায় ২৮-০২-২০২১ তারিখ ওয়েব পোর্টাল ভিত্তিক বিভাগওয়ারী ঋণ বিতরণ নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয় | ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা | ঋণ বিতরণ | | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| | | | সংখ্যা | পরিমাণ | |
| ১ | ঢাকা | ৪০৫০.০০ | ৪৯২৭ | ৩৮৮২.৮৬ | ৯৬% |
| ২ | ময়মনসিংহ | ৩৮০০.০০ | ৪৮৪৪ | ৩৪৩৯.৭১ | ৯১% |
| ৩ | চট্টগ্রাম | ৩০০০.০০ | ৪৫৭০ | ২৭১৪.৮১ | ৯০% |
| ৪ | খুলনা | ২৫২০.০০ | ২৮৮৩ | ২৫২১.২৩ | ১০০% |
| ৫ | বরিশাল | ৩৭৫০.০০ | ৪৫৯০ | ৩৫৭৭.২১ | ৯৫% |
| ৬ | সিলেট | ২৯৫০.০০ | ৩৬০৭ | ২৪৩৪.২৯ | ৮৩% |
| ৭ | কুমিলস্না | ৪৯০০.০০ | ৬৫১২ | ৪৫৬৮.৮৮ | ৯৩% |
| ৮ | ফরিদপুর | ২৪০০.০০ | ২৬২৫ | ২২৫৯.৪০ | ৯৪% |
| ৯ | কুষ্টিয়া | ২৫০০.০০ | ৩৭৯৫ | ২৪৬৯.২৬ | ৯৯% |
| ১০ | এলপিও | ১৩০.০০ | ৮ | ৮.০০ | ৬ % |
| | মোট | ৩০০০০.০০ | ৩৮৩৬১ | ২৭৮৭৫.৬৪ | ৯৩% |

(চলমান পাতা নং-০২)

D:\Mujib Borsho\Letter.doc

০৪। এমতাবস্থায়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কর্মপরিকল্পনার অংশ হিসাবে এ কর্মসূচির আওতায় বরাদ্দকৃত ঋণের শতভাগ ১৬-০৩-২০২১ তারিখের মধ্যে বিতরণ নিশ্চিতকরণ, এ খাতে বিতরণকৃত ঋণসমূহ নবায়নযোগ্য হওয়ায় বিধি মোতাবেক যথাসময়ে নবায়ন এবং আদায়যোগ্য ঋণসমূহ নির্ধারিত সময়ে আদায় নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো যাতে কোন ক্রমেই এ কর্মসূচির আওতায় বিতরিত ১টি ঋণও শ্রেণীবিন্যাসিত না হয়।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৩/০৩/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Pksarkar
০৩.০৩.২০২১

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক